

**2021/TDC/CBCS/ODD/
BNGDSC/GE-301T/365**

**TDC (CBCS) Odd Semester Exam., 2021
held in March, 2022**

BENGALI

(3rd Semester)

Course No. : BNGDSC/GE-301T

(বাংলা ভাষাতত্ত্ব)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণ মান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্ত সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

যে কোনো কুড়িটি প্রশ্নের অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×২০=২০

- ১। প্রাচীন ভারতীয় আর্যভাষার কালগত সীমা উল্লেখ করো।
- ২। মধ্যভারতীয় আর্যভাষার দ্বিতীয় স্তরের যে কোনো একটি আঞ্চলিক রূপের নাম লেখো।
- ৩। নব্য ভারতীয় আর্যভাষার অন্তর্গত দুটি ভাষার নাম উল্লেখ করো।
- ৪। ভূসুকুপাদ কোন্ সময়ের কবি ছিলেন?
- ৫। মাগধী প্রাকৃত থেকে আগত যে কোনো একটি নব্য ভারতীয় আর্যভাষার নাম লেখো।

(2)

- ৬। 'চর্চাপদ'-এর ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য ও গুরুত্ব বিষয়ে আলোচনা করেছেন এমন একজন ভাষাতাত্ত্বিকের নাম উল্লেখ করো।
- ৭। "চঞ্চল চীএ পইঠো কাল ॥"—'চীএ' শব্দের অর্থ কী?
- ৮। আদি-মধ্যযুগের বাংলা ভাষার একটি বৈশিষ্ট্য লেখো।
- ৯। প্রাচীন বাংলার আনুমানিক সময়সীমা উল্লেখ করো।
- ১০। বাংলা ভাষার আধুনিক যুগের শুরু কোন্ শতাব্দীতে?
- ১১। বাংলা ভাষার প্রধান উপভাষা কয়টি?
- ১২। গ্রীহট্ট-কাছাড়-ত্রিপুরা অঞ্চলে ব্যবহৃত কথ্য ভাষা কোন্ উপভাষার অন্তর্গত?
- ১৩। বিভাষা বলতে কী বোঝ?
- ১৪। রাঢ়ী উপভাষা প্রচলিত একটি অঞ্চলের নাম লেখো।
- ১৫। 'অন্ন' শব্দের আদি অর্থ 'খাদ্য', পরিবর্তিত অর্থ 'ভাত'—এটি শব্দার্থ পরিবর্তনের কোন্ ধারা?
- ১৬। ধ্বনি পরিবর্তনের একটি কারণ উল্লেখ করো।
- ১৭। ঐতিহ্যগত ব্যাকরণে বাক্যকে সর্বপ্রথমে কয়টি অংশে ভাগ করা হয়?
- ১৮। আদিম্বরলোপের একটি উদাহরণ দাও।
- ১৯। বড়দিদি > বড়দি—কীসের উদাহরণ?
- ২০। বাক্যের 'উদ্দেশ্য' বলতে কী বোঝায়?
- ২১। "বনে বাঘ থাকে।" 'বাঘ' কোন্ কারক?

22J/779

(Continued)

(3)

- ২২। বিভক্তি কী?
- ২৩। সম্বন্ধ পদে সাধারণত কোন্ বিভক্তি হয়?
- ২৪। সমস্ত পদের একটি উদাহরণ দাও।
- ২৫। 'গাছপাকা' কোন্ সমাসের উদাহরণ?

SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

২×৫=১০

- ২৬। মধ্যভারতীয় আর্ষভাষার দুটি লক্ষণ লেখো।
- ২৭। অপভ্রংশ কী?
- ২৮। মধ্যবাংলার স্তর কয়টি? স্তরগুলোর নাম উল্লেখ করো।
- ২৯। "দ্বিপ্রহরে সূর্যের তেজ বর্ধিত হইয়াছে।" এই বাক্যটি চলিত বাংলায় কীভাবে লেখা হবে?
- ৩০। ঝাড়খণ্ডী উপভাষার দুটি বৈশিষ্ট্য আলোচনা করো।
- ৩১। শব্দার্থ পরিবর্তনের দুটি কারণ নির্দেশ করো।
- ৩২। বর্ণদ্বিত্ব বলতে কী বোঝ? বর্ণদ্বিত্বের একটি উদাহরণ দাও।
- ৩৩। অপিনিহিতির দুটি উদাহরণ দাও।
- ৩৪। তৎপুরুষ সমাস বলতে কী বোঝ?
- ৩৫। ব্যাসবাক্যসহ সমাস লেখো—'হাঁটুজল'।

22J/779

(Turn Over)

SECTION—C

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

৮×৫=৪০

- ৩৬। প্রাচীন ভারতীয় আর্যভাষার লক্ষণ ও বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো।
- ৩৭। মধ্যভারতীয় আর্যভাষার তিনটি স্তর সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- ৩৮। 'চর্যাপদ' অনুসরণে প্রাচীন বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করো।
- ৩৯। আধুনিক বাংলা ভাষার রূপতাত্ত্বিক ও ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করো।
- ৪০। বঙ্গালী উপভাষার বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।
- ৪১। অর্থ পরিবর্তনের ভৌগোলিক এবং ঐতিহাসিক কারণ সম্পর্কে আলোচনা করো।
- ৪২। ধ্বনির আগম—ধ্বনি পরিবর্তনের এই ধারাটির সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ৪৩। বাংলা বাক্যতত্ত্ব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- ৪৪। কারক বলতে কী বোঝ? যে কোনো দুই প্রকার কারকের উদাহরণসহ সংজ্ঞা সংক্ষেপে লেখো।
- ৪৫। অব্যয়ীভাব সমাস কাকে বলে? অব্যয়ীভাব সমাসের প্রকারভেদ সংক্ষেপে আলোচনা করো।

★ ★ ★